গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর

# বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের

# ডকুমেন্টেশন

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ (পাইলট ও সম্প্রসারণ) আইডিয়াসমূহের ডকুমেন্টেশন।**

**প্রকাশকালঃ** ২০ মে ২০২১

**সম্পাদনা টিমঃ**

১। আব্দুন নাসের খান
সচিব ও চিফ ইনোভেশন অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ইমেইল- secretary@bfsa.gov.bd

২। আবদুর রহমান
পরিচালক (উপসচিব) ও ইনোভেশন অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ইমেইল- directorconsumer.bfsa@gmail.com

৩। ইসফাক ওয়াহেদ বিন রহিম
মনিটরিং অফিসার,
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ইমেইল- isfaq.bfsa@gmail.com

# সূচিপত্র


| ক্রমিক | বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১. | পটভূমি | | ১ |
| ২. | উদ্ভাবনী উদ্যোগ | অনলাইন মনিটরিং অ্যাপ (নজর) সম্প্রসারণ | ২ |
| | | খাদ্য ব্যবসায়ীদের অনলাইন প্রশিক্ষণ | ৫ |

# পটভূমি

জনপ্রশাসন তথা নাগরিক সেবায় উদ্ভাবন ধারণাটি বিশ্বব্যাপী ব্যাপকভাবে সমাদৃত। বিশ্বায়নের ধারণা থেকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট প্রতিষ্ঠা করে। নাগরিক সেবায় উদ্ভাবনের ধারণাটিকে জনপ্রিয় করার লক্ষ্যে 'একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম' (এটুআই) তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহার বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করে। নাগরিক সেবা সহজিকরণের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে 'ইনোভেশন টিম' গঠনের নির্দেশনাসূচক ০৮ এপ্রিল ২০১৩ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলারের মাধ্যমে জনপ্রশাসনে উদ্ভাবনী চর্চার বিষয়টি প্রাতিষ্ঠানিক রূপ পায়।

২০২০-২০২১ অর্থবছরে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ০৬ সদস্যের সমন্বয়ে ০৫ জুলাই ২০২০ ইনোভেশন টিম গঠিত হয়। ২৩ জুলাই ২০২০ তারিখ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করার উদ্দেশ্য নিয়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন করা হয়েছে এবং তা যথাযথ কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা হয়েছে। ৬ সেপ্টেম্বর ২০২০ তারিখ সেবা সহজিকরণ ও উদ্ভাবন বিয়য়ক একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০ জন, খাদ্য মন্ত্রণালয়ের ৩ জন, খাদ্য অধিদপ্তরের ২ জন, এফপিএমইউ এর ২ জন এবং এটুআই এক্সপার্ট ১ জন সহ মোট ২৮ জন অংশগ্রহণ করেন। কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মো: আব্দুল মালেক, ফ্যাসিলিটেটর, কৃষি অধিদপ্তর। দিনব্যাপী এই কর্মশালায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ বিষয়গুলো নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। উদ্ভাবিত আইডিয়া সমূহ গ্রুপ ভিত্তিক/একক ভাবে উপস্থাপন করা হয়। সংশোধনপূর্বক আইডিয়া গুলো আরো অধিকতর সহজ ও বাস্তবায়নযোগ্য করার নিমিত্তে পরবর্তী দুই দিনের ইনোভেশন কর্মশালায় চূড়ান্ত করার সুপারিশ গৃহীত হয়।

উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২১ নভেম্বর ২০২০ খ্রি. এবং ২২ নভেম্বর ২০২০ খ্রি. দুইদিনের ইনোভেশন প্রশিক্ষণ কর্মশালা বিজয়'৭১ মিলনায়তন, প্রবাসী কল্যাণ ভবন (২য় তলা), ইস্কাটন গার্ডেন রোড, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ৫০ জন, খাদ্য মন্ত্রণালয়ের ৩ জন, খাদ্য অধিদপ্তরের ০২ জন, এফপিএমইউ এর ০১ জন, মর্ডান ফুড থেকে ০১ এবং এটুআই এক্সপার্ট ১ জন সহ মোট ৫৮ জন অংশগ্রহণ করেন। উদ্ভাবিত আইডিয়া সমূহ গ্রুপ ভিত্তিক/একক ভাবে উপস্থাপন করা হয়। সংশোধনপূর্বক আইডিয়া গুলো আরো অধিকতর সহজ ও বাস্তবায়নযোগ্য করার নিমিত্তে কাজ করার সুপারিশ গৃহীত হয়। কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব সাধন চন্দ্র সরকার, সহকারী পরিচালক, আইসিটি, ডিওএফ। প্রস্তাবিত আইডিয়াসমূহ যাচাই-বাছাই শেষে নিরাপদ খাদ্য শিক্ষা অ্যাপ "খাদ্য কথন" আইডিয়াটিকে শ্রেষ্ঠ আইডিয়ার পুরস্কার প্রদান করা হয়।

# উদ্ভাবনী উদ্যোগ: অনলাইন মনিটরিং অ্যাপ (নজর) সম্প্রসারণ

**০১। উদ্যোগের শিরোনাম:**

গ্রেড প্রাপ্ত হোটেল/রেস্তোরাঁর স্বাস্থ্যকর পরিবেশ অনলাইন মনিটরিং (নজর)

**০২। সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়:**

নিয়মিত মনিটরিং টিম হোটেল/রেস্তোরাঁর কিচেন এরিয়ার পরিবেশ পর্যবেক্ষণ করে অসংগতি চিহ্নিতকরন। মনিটরিং টিম কর্তৃক রিপোর্ট প্রদান। অসংগতি পরিদর্শন ও পর্যবেক্ষন করে সতর্কতা পত্র জারি। বারবার অসংগতি পরিলক্ষিত হলে মোবাইল কোর্টের মাধ্যমে পদক্ষেপ গ্রহন।

**বিদ্যমান প্রসেস ম্যাপ- নেই।**


**০৩। বিদ্যমান পদ্ধতিতে সমস্যাসমূহ:**

সঠিক সময়ে পরিদর্শন না করা, নিয়মিত মূল্যায়ণ না করা, ফলোআপ অ্যাকশন না করা ও দুর্বল পরিদর্শন ব্যবস্থা।

**০৪। সমস্যা সমাধানে আইডিয়ার বিবরণ:**

- ডিজিটাল পদ্ধতিতে (অ্যাপস/ডিভাইস এর মাধ্যমে) হোটেল/রেস্তোরাঁর কিচেন এরিয়ার পরিবেশ চিহ্নিতকরন।
- কর্তৃপক্ষ কর্তৃক নজর অ্যাপস এর মাধ্যমে নিয়মিত পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত গ্রহণ।
- অসংগতি প্রাপ্ত হলে স্ক্রিনশট নিয়ে হোটেল ম্যানেজার-কে ইমেইল ও টেলিফোনের মাধ্যমে অবহিত করন।
- প্রতি সপ্তাহে কর্তৃপক্ষ বরাবর পরিদর্শন ও পর্যবেক্ষণ রিপোর্ট প্রদান।
- সংশোধন না হলে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ।

**নতুন প্রসেস ম্যাপ:**



**০৫। পাইলটিং এলাকা ও সময়:**

হোটেল কস্তুরী লিঃ, ঢাকা

জুন ২০২০ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত

**০৬। ফলাফল (TCV++):**

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের পূর্বে | ৫ দিন | ২৫০০/- | ৫ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | প্রয়োজন নাই | নাই | প্রয়োজন নাই |
| মোট পার্থক্য | ৫ দিন | ২৫০০/- | ৫ বার |
| অন্যান্য (TCV কমেনি, গুনগত মান বৃদ্ধি কিংবা অন্যান্য সুবিধা বেড়েছে) | TCV কমেছে এবং গুনগত মান বৃদ্ধি কিংবা অন্যান্য সুবিধা বেড়েছে | | |

**উদ্যোগটির মধ্যে নতুনত্ব কী?**

অ্যাপ ভিত্তিক ডিজিটাল সেবা সংযোজন। ফলে TCV প্রায় শূন্য। হোটেল/রেস্তোরার ফুড প্রসেসিং এলাকাসহ সার্বিক পরিবেশ কর্তৃপক্ষের সার্বক্ষনিক নজরদারিতে থাকবে।

**০৭। উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত ব্যাকগ্রাউন্ড ওয়ার্ক:**

গ্রেড প্রাপ্ত হোটেল/রেস্তোরাঁর সাথে আলোচনা ও কর্তৃপক্ষের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর।

**০৮। উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় রিসোর্সের পরিমাণ:**

| খাতসমুহ | বিবরন | প্রয়োজনীয় অর্থ (প্রাক্কলিত) | উৎস |
|---|---|---|---|
| ○ জনবল:<br>○ কারিগরি যন্ত্রপাতি (সফ্টওয়ার/কম্পিউটার):<br>○ বস্তুগত উপকরণ (স্টেশনারী/বাল্ক এস এম এস ইত্যাদি):<br>○ অন্যান্য (প্রশিক্ষণ, পরিদর্শন, সভা, প্রিন্টিং ইত্যাদি): | বিএফএসএ কর্তৃপক্ষের- ৫ জন<br>কম্পিউটার ও ক্যামরা স্থাপন- ১৫টি<br>অফিস ফার্নিচার<br>পর্যায়ক্রমে নির্দিষ্ট সংখ্যাক হোটেল/রেস্তোরার ম্যানেজারিয়াল লেভেলে কর্মকর্তাদের প্রশিক্ষণ | ১০ লক্ষ<br>২ লক্ষ<br>১ লক্ষ | বিএফএসএর তহবিল |

**০৯। উদ্যোগটির বাস্তবায়নকারী টিম:**

| টিম লিডার | সদস্য-১ | সদস্য-২ | সদস্য-৩ |
|---|---|---|---|
| জনাব মো: রেজাউল করিম<br>সদস্য (যুগ্ম সচিব)<br>বিএফএসএ<br>০১৭২৬৮৯৯০৮৯ | জনাব মোছা: কামার জান<br>যুগ্মসচিব (তদন্ত)<br>খাদ্য মন্ত্রণালয়<br>০১৭২০৮২৮৮২১ | জনাব আবু সাইদ মো: নোমান<br>পরিচালক (যুগ্ম সচিব)<br>বিএফএসএ<br>০১৫৫৮৫৫৮০২৯ | জনাব আব্দুল নাসের খান<br>সচিব ও ইনোভেশন টিম প্রধান<br>বিএফএসএ<br>০১৭১৭-৩৫২৬২ |
| **সদস্য-৪** | **সদস্য-৫** | **সদস্য-৬** | |
| জনাব আবদুর রহমান<br>উপসচিব ও ইনোভেশন অফিসার<br>বিএফএসএ<br>০১৭১০৮৮৫১৩৪ | জনাব শম্পা কুন্ডু<br>উপ-পরিচালক<br>বিএফএসএ<br>০১৭১৭০১৪২০৩ | জনাব হোসনে আরা পপি<br>উপ-পরিচালক<br>বিএফএসএ<br>০১৮৩০০৫৭৫৭৫ | |

১০। **Details of the idea Owner:**

জনাব মো: রেজাউল করিম, সদস্য (যুগ্ম সচিব), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোনঃ ০১৭২৬৮৯৯০৮৯

ই-মেইলঃ rejaul8283@gmail.com

## উদ্যোগ বাস্তবায়নের চিত্র



চিত্র: নজর অ্যাপস এর মাধ্যমে হোটেল/রেস্টুরেন্ট মনিটরিং

**প্রতিবেদনঃ**

অ্যাপসভিত্তিক অনলাইন নজরদারি ব্যবস্থা (নজর) সম্প্রসারণ কার্যক্রম মাননীয় খাদ্য মন্ত্রী কর্তৃক উদ্বোধনের পর ঢাকা শহরের ফার্স হোটেল-এর ০১টি আউটলেট এবং নবাবী ভোজ-এর ২টি আউটলেটকে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বর্তমানে গাইবান্ধা জেলার এসকেএস ইন রেস্টুরেন্ট, সিলেট ও মৌলভীবাজার জেলায় পানসী রেস্টুরেন্টে অনলাইন নজরদারি ব্যবস্থা (নজর) স্থাপনের পদক্ষেপ নেয়া হয়েছে।

# উদ্ভাবনী উদ্যোগ: খাদ্য ব্যবসায়ীদের অনলাইন প্রশিক্ষণ

**০১। উদ্যোগের শিরোনাম:**

খাদ্য ব্যবসায়ীদের অনলাইন প্রশিক্ষণ।

**০২। সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়:**

তারিখ নির্ধারণ, হল রুম ভাড়া, খাদ্যব্যবসায়ীদের পত্র প্রদান, প্রশিক্ষককে পত্র প্রদান। নির্ধারিত তারিখে হল রুমে উপস্থিত হয়ে প্রশিক্ষণ গ্রহণ। ফলাফল মূল্যায়ন, পর্যবেক্ষন ও ফিডব্যাক। ভবিষ্যত প্রশিক্ষণ বিষয়ে বিএফএসএ কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহন।

**বিদ্যমান প্রসেস ম্যাপ- নাই।**


**০৩। বিদ্যমান পদ্ধতিতে সমস্যাসমূহ:**

সময়/কর্মঘন্টা অপচয়। ফলোআপ অ্যাকশন না করা। অর্থ বেশি ব্যয় ও মানের উন্নয়ন না ঘটানো।

**০৪। সমস্যা সমাধানে আইডিয়ার বিবরণ:**

- ডিজিটাল পদ্ধতিতে (জুম অ্যাপস ও ডিভাইস) Online Training
- কর্তৃপক্ষ কর্তৃক প্রশিক্ষণার্থী নির্বাচন ও সিদ্ধান্ত গ্রহন।
- যথাযথ সময়ে কর্মস্থলে বসে প্রশিক্ষণে অংশগ্রহণ।
- যাতায়তের সময় ও অর্থ সাশ্রয়।

**নতুন প্রসেস ম্যাপ:**




**০৫। পাইলটিং এলাকা ও সময়:**

২৪ জানুয়ারি ২০২১ প্রাথমিক পর্যায়ে ২০ জন খাদ্য ব্যবসায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

০৬। ফলাফল (TCV++):

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের পূর্বে | ০৩ দিন | ৫০,০০০/- | ০৩ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | প্রয়োজন নাই | ৫,০০০/- | প্রয়োজন নাই |
| মোট পার্থক্য | ০৩ দিন | ৪৫,০০০/- | ০৩ বার |
| অন্যান্য (TCV কমেনি, গুনগত মান বৃদ্ধি কিংবা অন্যান্য সুবিধা বেড়েছে) | TCV কমেছে এবং গুনগত মান বৃদ্ধি কিংবা অন্যান্য সুবিধা বেড়েছে | | |
| **উদ্যোগটির মধ্যে নতুনত্ব কী?**<br>অ্যাপ ভিত্তিক ডিজিটাল সেবা সংযোজন। ফলে TCV প্রায় ১০ ভাগের ১ ভাগ। কর্মস্থলে বসেই প্রশিক্ষণ গ্রহণ। | | | |

**০৭। উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত ব্যাকগ্রাউন্ড ওয়ার্ক:**

প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরি ও খাদ্য ব্যবসায়ীর তালিকা তৈরি। প্রশিক্ষণের অংশগ্রহণের জন্যে দ্রুত গতির ইন্টারনেট সংযোগের ব্যবস্থা করা। খাদ্য ব্যবসায়ীদের জন্য স্মার্টফোনের ব্যবস্থা করা।

**০৮। উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় রিসোর্সের পরিমাণ:**

| খাতসমূহ | বিবরণ | প্রয়োজনীয় অর্থ (প্রাক্কলিত) | উৎস |
|---|---|---|---|
| ○ জনবল:<br>○ কারিগরি যন্ত্রপাতি (সফ্টওয়ার/কম্পিউটার):<br>○ বস্তুগত উপকরণ (স্টেশনারী/বাল্ক এস এম এস ইত্যাদি):<br>○ অন্যান্য (প্রশিক্ষণ, পরিদর্শন, সভা, প্রিন্টিং ইত্যাদি): | বিএফএসএ কর্তৃপক্ষের- ২ জন<br>কম্পিউটার - ২টি<br>অফিস ফার্নিচার<br>পর্যায়ক্রমে নির্দিষ্ট সংখ্যক হোটেল/রেস্তোরার ম্যানেজারিয়াল লেভেলে কর্মকর্তাদের প্রশিক্ষণ | ২ লক্ষ | বিএফএসএ তহবিল |

**০৯। উদ্যোগটির বাস্তবায়নকারী টিম:**


| টিম লিডার | সদস্য-১ | সদস্য-২ |
|---|---|---|
| জনাব আব্দুন নাসের খান<br>সচিব ও ইনোভেশন টিম প্রধান<br>বিএফএসএ<br>০১৭১৭৮৩৫২৬৭ | জনাব আবদুর রহমান<br>উপসচিব ও ইনোভেশন অফিসার<br>বিএফএসএ<br>০১৭১০৮৮৫১৩৪ | জনাব ফাতেমা তুজ জোহরা লাবনি<br>নিরাপদ খাদ্য অফিসার , ঢাকা মেট্রোপলিটন<br>বিএফএসএ<br>০১৭৭৪৮৭১৫০৩ |


**১০. Details of the idea Owner:**

জনাব আব্দুন নাসের খান, সচিব ও ইনোভেশন টিম প্রধান, বিএফএসএ
ফোনঃ ০১৭১৭৮৩৫২৬৭
ইমেইলঃ secretary@bfsa.gov.bd

## উদ্যোগ বাস্তবায়নের চিত্র









চিত্র: খাদ্য ব্যবসায়ীদের অনলাইন প্রশিক্ষণ

**প্রতিবেদনঃ**

ফুড ভেন্ডারদের অনলাইন প্রশিক্ষণ প্রদানের জন্যে প্রশিক্ষণ উপকরণ (Training Material) তৈরি করা হয়। ২৪ জানুয়ারি ২০২১ পরীক্ষামূলকভাবে ২০ জন খাদ্য ব্যবসায়ীকে ২ ঘন্টার অনলাইন প্রশিক্ষণ প্রদান করা হয়। দেশের ৪৯৩টি উপজেলা, ৬৪টি জেলা, ৮টি বিভাগ ও ১২টি সিটি কর্পোরেশন থেকে খাদ্য ব্যবসায়ীদের তালিকা তৈরি হয়েছে। বিএফএসএ-এর চেয়ারম্যান মহোদয় কর্তৃক উদ্বোধনের পর ২৩ মার্চ ২০২১ সারাদেশ থেকে ৯৩ জন খাদ্য ব্যবসায়ীকে অনলাইন প্রশিক্ষণ দেয়া হয়। ২৫ মার্চ ২০২১ তারিখ ৬০ জনসহ সর্বমোট ১৭৩ জনকে অনলাইনে প্রশিক্ষণ দেয়া হয়।